

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১১

তারিখ: ০২ মাঘ, ১৪২৬ ব.
১৬ জানুয়ারি, ২০২০ খ্রি.

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে অধিকতর সতর্কতার সাথে টিএমইডি-তে তথ্য প্রেরণ।

- সূত্র: ১। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৩০২৭/এলএএস-২/নি:প্র:/২০১৫-১৬/২০৩৮, তারিখ: ১২.১২.১৯ খ্রি।
২। টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯(পার্ট-১)-২৫১, তারিখ: ১৯.১২.২০১৯ খ্রি।
৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫৩.০০১.১৯.৩, তারিখ: ০২ ডিসেম্বর, ২০১৯ খ্রি. (তবে পরে ডিজি, ডিএমই এর স্বাক্ষর ১২.০১.২০ খ্রি: তারিখের)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ০১ নং স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০১৫-২০১৬ সনের অগ্রিম অনুচ্ছেদ নং-০১ এর আপত্তিকৃত ৯৩,৮৬৪/- টাকা সরকারি কোষাগারে জমার স্বপক্ষে ড্রেজারী চালানোর কপি প্রাপ্ত হওয়ায় এবং অনলাইন যাচাইয়ে উক্ত চালান সঠিক পাওয়ায় আপত্তিটি নিষ্পত্তি করা হয়েছে মর্মে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে নিশ্চিত করা হয়েছে। সেসাথে LAD থেকে উক্ত নিষ্পত্তিমূলক পত্রের কপি ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-বরাবরও প্রেরণ করা হয়েছে।

০২. তদপ্রেক্ষিতে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত পত্র (আপত্তি নিষ্পত্তিমূলক) খানা পৃষ্ঠাংকন করে ২ নং সূত্র মূলে ডিজি, ডিএমই বরাবর প্রেরণ করা হয়েছে।

০৩. টিএমইডি হতে এবং স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে নিষ্পত্তিমূলক পত্র পাওয়ার পরও ০৩ নং সূত্রের মাধ্যমে ডিজি, ডিএমই কর্তৃক প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে,

“মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গত ১৬.০৮.২০১৮ খ্রি. তারিখের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং-৩০২৭/এলএএস-২/২০১৫-১৬/ত্রিপক্ষীয়/১৭৭০, তারিখ: ১৪.০২.২০১৯ খ্রি. মোতাবেক অনুচ্ছেদ নং ০১ (অগ্রিম)। [টাকার পরিমাণ ৯৩,৮৬৪/-] ব্যতিত অন্যান্য সকল আপত্তি নিষ্পত্তি করা হয়। অবশিষ্ট ০১ নং অনুচ্ছেদের চাহিত প্রমাণাদি ১৭.০৪.২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত মতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর হতে টিএমইডি তে প্রেরণ করা হয়েছে। টিএমইডি সমস্ত প্রমাণাদি ৫৭.০০.০০০০.১৪২.০৬.০০১.১৯(পার্ট-১), তারিখ: ০৭.১০.২০১৯ খ্রি. মোতাবেক স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে নিষ্পত্তির জন্য প্রেরণ করেছে”।

০৪. স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর এবং টিএমইডি হতে অডিট আপত্তির নিষ্পত্তিমূলক পত্র প্রেরণ সত্ত্বেও এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে পাওয়া সত্ত্বেও উপরিউক্ত মন্তব্য সম্বলিত পত্র প্রেরণ দ্বারা প্রমাণ করে যে, মাদ্রাসা অধিদপ্তরে প্রাপ্ত কোন পত্র না পড়েই এবং যাচাই-বাছাই ছাড়াই ডিজি, ডিএমই কর্তৃক পত্র স্বাক্ষরিত হয়ে থাকে। অধিকন্তু উক্ত পত্রটি ০২.১২.১৯ খ্রি: তারিখে তৈরী হয়ে থাকলেও প্রায় ৪১ দিন পর ১২.০১.২০ খ্রি: তারিখে ডিজি, ডিএমই কর্তৃক স্বাক্ষরিত হয়েছে যা মোটেও কাম্য হতে পারেনা।

০৫. এফগে, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর থেকে নিষ্পত্তিকৃত পত্র এবং টিএমইডি হতে পৃষ্ঠাংকন পত্র পাওয়ার পরও উক্ত আপত্তি বহাল থাকা সংক্রান্ত তথ্য ডিজি, ডিএমই কর্তৃক টিএমইডিতে প্রেরণ সঠিক হয়নি। ভবিষ্যতে এ বিষয়ে আরো সতর্ক হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায়, উপরিউক্ত মতে পত্র প্রেরণের সময় আরো সতর্ক হওয়ার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩৯/

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাট টাওয়ার
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৪৫.১৯-১১(০৬)

তারিখ: ০২ মাঘ, ১৪২৬ ব.
১৬ জানুয়ারি, ২০২০ খ্রি.

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়কে সদয় অবহিত করার জন্য)
০২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৪. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫-০৬. অফিস কপি/ মাষ্টার কপি।

১৬.০১.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)